মেহেরপুরে সড়কে কেড়ে নিল দুটি তাজা প্রাণ

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের চাঁদবিলে সিমেন্ট বোঝাই ট্রাকের ধাক্কায় হাসান আলী (২৫) নামের এক যুবক ও অজ্ঞাত এক দিনমজুর নিহত হয়েছেন।

সোমবার সকাল সাড়ে ৭টার সময় সদর উপজেলার চাঁদবিলে এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। নিহত হাসান আলী চাদবিল গ্রামের লিটন হোসেনের ছেলে। অপর নিহত ব্যক্তির পরিচয় পাওয়া যায়নি। অজ্ঞাত মরদেহটি মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে রাখা হয়েছে।

স্থানীয়রা জানান, ঘটনার সময় চাঁদবিল গ্রামের হাসান আলী গরুর জন্য ঘাস কাটতে এবং দিনমজুর অজ্ঞাত ব্যক্তিটি সাইকেল যোগ রাস্তার পাশ দিয়ে যাচ্ছিলেন। এসময় চুয়াডাঙ্গা থেকে মেহেরপুর গামী একটি সিমেন্ট বোঝাই ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে তাদের দুজনকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই দুজনের মুত্যু হয়। হাসানের পরিচয় সনাক্ত হওয়ায় তাকে নিজ বাড়িতে এবং অজ্ঞাত মরদেহটি উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে রাখা হয়।

মেহেরপুর সদর থানার ওসি শেখ কনি মিয়া জানান, অজ্ঞাত মরদেহটি সনাক্ত করার জন্য বিভিন্ন স্থানে খবর দেওয়া হয়েছে। ট্রাকের চালককে আটক করা হয়েছে এবং ট্রাকটি জব্দ করা হয়েছে।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় আহত শিক্ষক মারা গেছেন

পাঁচ দিন পর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেলেন সড়ক দুর্ঘটনায় আহত শিক্ষক আসাদুল বিশ্বাস(৪৮)। বুধবার (২৭ মার্চ) সকালের দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে (রামেক) চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কনি মিয়া এই তথ্য নিশ্চিত করেছেন।নিহত আসাদুল বিশ্বাস মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বিশ্বাস পাড়ার হানিফ বিশ্বাসের ছেলে ও আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক।

আমঝুপি গ্রামের স্কুল শিক্ষক ফয়জুল কবীর জানান, নিহত আসাদুল বিশ্বাস গত শুক্রবার সন্ধ্যার দিকে মেহেরপুর চুয়াডাঙ্গা সড়কের কোলারমোড় নামক স্থানে মোটরসাইকেলযোগে রাস্তা ক্রস করছিলেন। এমন সময় অপর একটিদ্রুতগামী মোটরসাইকেল তাকে সরাসরি ধাক্কা মারে। এতে রাস্তার উপর ছিটকে পড়ে গুরুতর আহত হন স্কুল শিক্ষক আসাদুল বিশ্বাস।

স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্য বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেন। সেখানে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করেন।

সেখানেই আজ সকালের দিকে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।

কুষ্টিয়ার মিরপুরে সড়ক দুর্ঘটনায় নিহত ১

কুষ্টিয়ার মিরপুর উপজেলার বহলবাড়ীয়া এলাকায় শ্যালো ইঞ্জিন চালিত লাটাহাম্বার ধাক্কায় নাজমুল ইসলাম (২৯) নামে এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন।

আজ শনিবার বিকেলের দিকে কুষ্টিয়া-ঈশ্বরদী সড়কের বহলবাড়ীয়া ইউনিয়নের খাদিমপুর আটমাইল এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত নাজমুল ইসলাম হলেন- নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলার বৃকাছুটিয়া এলাকার নজরুল ইসলামের ছেলে।

জানা গেছে, বিকেলের দিকে কুষ্টিয়ার নাটোর থেকে কুষ্টিয়া আসার পথে খাদিমপুর আটমাইল নামকস্থানে পৌঁছালে মোটরসাইকেল থেকে

রাস্তার উপর ছিটকে পড়েন। এসময় বিপরীত দিক থেকে আসা শ্যালো ইঞ্জিন চালিত লাটাহাম্বারের চাকায় পিষ্ট হয়ে গুরুতর আহত হয়। এসময় আশঙ্কাজনক অবস্থায় স্থানীয়রা তাকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিলে চিকিৎসাধীন অবস্থায় নাজমুল ইসলামের মৃত্যু হয়।

এ তথ্য নিশ্চিত করেছেন কুষ্টিয়া চৌড়হাস হাইওয়ে থানার উপ পরিদর্শক জয়ন্ত কুমার দাশ।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় আহত ব্যবসায়ীর মৃত্যু

মাইক্রোবাসের ধাক্কায় আহত ভূষিমাল ব্যবসায়ী ইন্তাজ আলী (৬০) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন।
আজ শুক্রবার (৮ মার্চ) সকাল ৮ টার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।
নিহত ইন্তাজ আলীর ছেলে সুমন আলীর বরাত দিয়ে স্থানীয় পিরতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক আব্দুল হাদি এই তথ্য নিশ্চিত করেছেন। ইন্তাজ আলী গাংনী উপজেলার কাজিপুর গ্রামের নিমস্বরণ পাড়ার বাসিন্দা।
স্কুল শিক্ষক আব্দুল হাদি জানান, গত বুধবার (৬ মার্চ) বিকালের দিকে বাইসাইকেল চড়ে বামন্দী-কাজিপুর রাস্তায় যাওয়ার পথে সাহেবনগর বাজারের কাছে একটি চলন্ত মাইক্রোবাসে ধাক্কা মারে। এতে ইন্তাজ আলী গুরুতর আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। সেখানে তার অবস্থার অবনতি হলে চিকিৎসক তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। সেখানে আইসিইউতে ভর্তি ছিলেন। আজ সকালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।
এদিকে, এই দুর্ঘটনার পর থেকেই মাইক্রোবাস চালক কাজিপুর বুড়িপোতা পাড়ার আশিকুজ্জ্মান পলাতক রয়েছেন।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম বলেন, সড়ক দুর্ঘটনার সংবাদ পেয়েছি। তবে কেউ লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

নিহত ইমরান সদর উপজেলার ছোট শলুয়া গ্রামের আশরাফুজ্জামান ওরফে সানাউল্লাহর ছেলে।

দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহা জানান, গত ১৫ ফেব্রুয়ারি রাত ১০টার দিকে তুহিন মোটরসাইকেলে করে বেগমপুর গ্রাম থেকে নিজ বাড়িতে যাচ্ছিলেন। এ সময় বেগমপুর কেরুর ফার্মের সামনে পৌঁছালে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা লাগে। এতে তুহিন গুরুতর আহত হন।

এ সময় খবর পেয়ে বাড়ির লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসক তার প্রাথমিক পরীক্ষা- নিরীক্ষা শেষে ভর্তি রাখেন।

তুহিনের অবস্থার অবনতি হলে ১৬ ফেব্রুয়ারি রাত ৩টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। আজ শনিবার ভোর সাড়ে ৫টার দিকে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তুহিন মারা যান।

স্ত্রীর ওষুধ কিনে বাড়ি ফেরা হলোনা কৃষক রমজান আলীর

মেহেরপুর সদর উপজেলার সীমান্তবর্তী ইছাখালি মোড়ে সড়ক দুর্ঘটনায় রমজান আলী(৫২) নামের এক কৃষক মারা গেছেন। অসুস্থ স্ত্রীর জন্য ওষুধ কিনে বাড়ি ফেরার সময় দ্রুতগামী মোটরসাইকেলের ধাক্কায় ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

আজ শনিবার (২৪ ফেব্রুয়ারি) রাত ৮টার সময় এ দুর্ঘটনা ঘটে। নিহত রমজান আলী সদর উপজেলার ইছাখালি গ্রামের মৃত ফরমান আলীর ছেলে। এঘটনায় মোটরসাইকেল চালক পার্শ্ববর্তি হরিরামপুর গ্রামের আসানুর আলীর ছেলে আসিফ হোসেন (২২) আহত হয়েছেন। তার অবস্থাও আশংকাজনক।

প্রত্যক্ষদর্শি মাসুদ রানা জানান, নিহত রমজান আলী স্থানীয় একটি ফার্মেসী থেকে ওষুধ কিনে বাড়ি যাওয়ার জন্য রাস্তা পার হচ্ছিলেন। এসময় হরিরামপুর থেকে আসা মেহেরপুর গামী দ্রুতগামী পালসার

মোটরসাইকেলটি তাকে স্বজোরে ধাক্কা দিয়ে প্রায় ১০/১২ হাত দুরে টেনে হিঁচড়ে নিয়ে যায়। এতে রমজান আলী গুরুতর আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন।

খবর পেয়ে মেহেরপুর ফাঁয়ার সার্ভিসের একটি টিম ঘটনাস্থলে গিয়ে আহত আসিফকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেন। সেখানে তার অবস্থার অবনতি হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর স্টেশন মাস্টার রুহুল আমিন জানান, খবর পেয়ে মোটরসাইকেল চালক আসিফকে উদ্ধার করা হয়েছে। তবে দুর্ঘটনা কবলিত মোটরসাইকেলটি পাওয়া যায়নি। দুর্ঘটনার পরপরই সেটি সরিয়ে ফেলা হয়েছে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া জানান, নিহতের মরদেহ উদ্ধার করা হয়েছে। মরদেহ উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে নেয়া হয়েছে। এখন পর্যন্ত কেউ লিখিত অভিযোগ দেইনি। লিখিত অভিযোগ পাওয়ার পর আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় কৃষক নিহত

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে বিপরীতগামী দুটি মোটর সাইকেলের মুখোমুখি সংঘর্ষে হুরমত আলী (৫০) নামের এক কৃষক নিহত হয়েছেন।

সোমবার (১২ ফেব্রুয়ারি) বেলা সাড়ে ১১ টার সময় মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র (মউক) কের নিকট এই দুর্ঘটনা ঘটে। নিহত হুরমত আলী মেহেরপুর সদর উপজেলার রাজনগর গ্রামের মোল্লাপাড়া এলাকার মৃত আরশাদ আলীর ছেলে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া এই

তথ্য নিশ্চিত করেন। নিহতের মরদেহ উদ্ধার করা মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল মর্গে নেওয়া হয়েছে।

স্থানীয়রা জানান, নিহত হুরমত আলী সার বিষ কেনার জন্য মোটরসাইকেল যোগে মেহেরপুর শহরে আসছিলেন। আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র (মউক) কের নিকট আসামাত্র বিপরীত দিক বেপরোয়া গতিতে আসা অপর একটি মোটরসাইকেল তাকে ধাক্কা দিলে রাস্তার পাশে পড়ে যায় হুরমত আলী।

স্থানীয়রা মেহেরপুর ফায়ার সার্ভিসকে খবর দিলে ফাঁয়ার সার্ভিস কর্মীরা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিলে চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন।

মেহেরপুর সদর থানা পুলিশের একটি টিম নিহতের মরদেহ উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল মর্গে নিয়েছে।

দামুড়হুদায় সড়ক দুর্ঘটনা: ১২ দিন পর চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু

দামুড়হুদা উপজেলার কাঠালতলা নামক স্থানে সড়ক দুর্ঘটনায় আহত বিল্লাল হোসেন (৩০) চিকিৎসাধিন অবস্থায় মারাগেছে।

আজ শুক্রবার সকালে রাজশাহী মেডিকেলে চিকিৎসাধীন অবস্থায় বিল্লাল মারা যায়। মৃত্যু বিল্লাল হোসেন উপজেলার নতিপোতা ইউনিয়নের হেমায়েতপুর গ্রামের খাল পাড়ার মোঃ বজুলের ছেলে।

গত ২৯ জানুয়ারী সোমবার সকাল ৭ টার দিকে দামুড়হুদা-দর্শনা সড়কের কাঁঠালতলা নামক স্থানে বিচালি বোঝায় পাওয়ারট্রলি সড়কের পাশে বাবলা গাছের সাথে ধাক্কা মেরে বিল্লাল হোসেন ও ফারুক হোসেন ২জন গুরুতর আহত হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ নেই

মর্মে রাজশাহী থানায় আবেদন করে বিনা ময়না তদন্তে বিল্লালের মরদেহ আজ শুক্রবার বিকেলে গ্রামে নিয়ে আসে।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় সাইকেল আরোহী আহত

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের আমঝুপি বিএডিসির সামনে মটরসাইকেল ও সাইকেলের মুখোমুখি সংঘর্ষে সাইকেল আরোহী গুরুত্ব আহত হয়েছে।

আজ রোববার (২৮ জানুয়ারি) সন্ধা ৬ টার সময় এ দুর্ঘটনাটি ঘটে। আহত আনসারুল হক (৫০) মেহেরপুর সদর উপজেলার আমঝুপি কুঠিপাড়ার রমজান শেখের ছেলে।

স্থানীয়রা জানায়, আহত আনসারুল হক আমঝুপি বিএডিসির কর্মী। প্রতিদিনের ন্যায় বিএডিসির কাজ শেষ করে বাড়ির দিকে রওনা দেয়। বিএডিসির সামনে সাইকেল ও ঘাসের বস্তা নিয়ে রোডে উঠার সময় বিপরীত দিক থেকে আশা মটরসাইকেল আরোহী সাথে মুখোমুখি ধাক্কা লাগে। এ সময় তিনি গুরুত্ব আহত হয়। আমরা মেহেরপুর ফ্যায়ার সার্ভিস কর্মীদের ফোন দিলে তারা এসে আহত ব্যাক্তিকে নিয়ে যায় এবং মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক তাকে প্রাথমিক চিকিৎসা দেয় এবং অবস্থা গুরুত্ব হওয়ায় ঢাকা মেডিকেলে রের্ফাড করেন।